

৯ম নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি. (সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি.ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শুন্য আসনের ভিত্তিতে ৯ম নির্বাচন ও অপেক্ষ্যমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ২১-০৯-২০২৩ সকাল ৯:৩০ থেকে দুপুর ২:০০টার মধ্যে সভাকক্ষ, জীব বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪১২, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমাত্তরালে চলবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) জীববিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮-৮৬৪১৫৭, ০১৭৯৫-৭২৬৬৭৭)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে। পরবর্তী ট্রান্সফারের সময় বিবেচিত হওয়ার জন্য ২১.০৯.২০২৩ তারিখ বিকাল ৫:০০টার পূর্বে এটি করতে হবে।

পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

উল্লেখ্য যে, আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৩ বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া শেষ হচ্ছে। ভর্তি বাতিলের কারণে আসন শূন্য হলে তা পূরণের জন্য আগামী ২৩ ও ২৪ সেপ্টেম্বর ২০২৩ ভর্তি প্রক্রিয়া চালু থাকতে পারে। এজন্য অপেক্ষ্যমান প্রার্থীদের আগামী ২১ সেপ্টেম্বর ২০২৩ অপরাহ্ন এবং ২৩ ও ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ভর্তি ওয়েবসাইট ও মোবাইলের দিকে দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

ভবিষ্যতে ভর্তি বাতিলের কারণে উল্লেখযোগ্য সংখ্যক আসন শূন্য হলে এবং তা পূরণের জন্য ভর্তির সময় বৃদ্ধি হলে ভর্তি ওয়েবসাইট-এ জানানো হবে। এজন্য আগামী কয়েক সপ্তাহ ভর্তি ওয়েবসাইট ও মোবাইলের দিকে দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৪৩১.০০ টাকা (পাঁচ হাজার চারশত একত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
২. পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
৩. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (২০-০৯-২০২৩ অপরাহ্ন থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
৪. সকাল ৯:৩০ থেকে দুপুর ২:০০টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দণ্ডে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি [জমা দিতে হবে]
৫. কাগজপত্র সত্ত্বেওজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভাবে গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯ সেপ্টেম্বর ২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল আলম)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি ও
টীন, জীববিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

**ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি**

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **5077** বা **Faculty of Biological Sciences, RU** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ভর্তি পরীক্ষার রোল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অথবা বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।